

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.১৪৪.১৭-৬৯৪

তারিখ: ১৭/০৩/২০১৮ খি:।

ব্যবস্থাপনা পরিচালক

মেসার্স সি এন্ড আর সোয়েটার লিমিটেড,

অফিস: বাড়ী নং-০৫, রোড নং-০৬, নিকুঞ্জ-১, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

কারখানা: গ্রাম-ভুতুলিয়া, ডাকঘর: গাজীপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর।

বিষয়ঃ কারখানার অনুকূলে নিবন্ধনের সময় বৃদ্ধিকরণ প্রসংগে।

সূত্র : আপনারদের ১১/০৯/২০১৮ ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার শিল্প কারখানা মেসার্স সি এন্ড আর সোয়েটার লিমিটেড অফিস: বাড়ী নং-০৫, রোড নং-০৬, নিকুঞ্জ-১, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং কারখানা: গ্রাম-ভুতুলিয়া, ডাকঘর: গাজীপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর (পরি:/সোয়েটার-০০০০০৩৩৬-১৮ তারিখ: ১৯/০২/২০১৮ খি:) এর অনুকূলে নিম্নলিখিত শর্তানুসারে প্রস্তাবিত নিবন্ধন এর মেয়াদ ২০/০৮/২০১৯ বৃদ্ধি করা হলো।

১। নিবন্ধনে প্রদত্ত শর্তানুসারে ১৯/০৮/২০১৮ তারিখে আপনার প্রতিষ্ঠানের নিবন্ধনের মেয়াদ শেষ হয়েছে। সে অনুযায়ী ২০/০৮/২০১৮ তারিখ হতে ২০/০৮/২০১৯ তারিখ পর্যন্ত নিবন্ধনের মেয়াদ বৃদ্ধি করা হলো। বর্ধিত এসময়ের মধ্যে কারখানার অনুকূলে ক্যাপিটাল মেশিনারীজ/যন্ত্রাংশ সংগ্রহ পূর্বক কারখানায় সংস্থাপিত মেশিন স্থানীয়ভাবে ক্রয়কৃত হলে নোটারীকৃত ক্রয়-বিক্রয় চুক্তিপত্র/আমদানীকৃত হলে আমদানীকৃত মেশিনের তালিকা ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়ন অত্র অধিদপ্তরে দাখিল করে বিদ্যমান রূপে নিবন্ধন নিতে হবে। কারখানাটির বাস্তবায়নের স্বার্থে প্রস্তাবিত নিবন্ধন এর মেয়াদ ২০/০৮/২০১৮ তারিখ হতে ২০/০৮/২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উক্ত বর্ধিত সময়ের মধ্যে কারখানার অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়ন এবং প্রয়োজনীয় হালনাগাদ কাগজপত্র দাখিল করত: অত্র অধিদপ্তর হতে বিদ্যমান রূপে নিবন্ধন নিতে হবে অন্যথায় প্রস্তাবিত নিবন্ধন বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্রঃ- উপরে উল্লিখিত সকল কাগজপত্র ম্যানেজিং ডিরেক্টর কর্তৃক সিল স্বাক্ষরিত করে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।

(এম. আবু সাদাত সায়ম)

সহকারী-পরিচালক (কারিগরি)

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

e-mail: adplanning@dot.gov.bd

ফোনঃ ০২-৫৫০১৩২০৩।